

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৭৪২

১/ বিবিধ

আরবী

أبو بكر وعمر خير الأولين وخير الآخرين وخير أهل السماوات وخير أهل الأرض، إلا
النبيين والمرسلين
موضوع

أخرجه ابن عدي في " الكامل " (ق 62 / 1) والخطيب في " تاريخ بغداد " (5 / 253)
من طريق جبرون بن واقد: حدثنا مخلد بن حسين عن هشام عن محمد عن أبي
هريرة قال: قال رسول الله صلى الله عليه وسلم: فذكره
أورده ابن عدي في ترجمة جبرون هذا، مع حديث آخر له، ثم قال: " ولا أعرف له غير
هذين الحديثين، وهما منكران وقال الذهبي في " الميزان ": " متهم، فإنه روى بقلة
حياء ... ". فذكر هذا الحديث، والحديث الآخر المشار إليه، ثم قال: " وهما موضوعان
". وأقره الحافظ في " اللسان والحديث الآخر في " المشكاة " (195) ، وقد تكلمت
عليه هناك. قلت: وجدت له طريقا آخر، رواه الديلمي في " مسنده " (1 / 1 / 78) من
طريق السري بن يحيى: حدثنا أبي حدثنا مخلد بن الحسين به مختصرا بلفظ: " أبو
بكر وعمر خير أهل السماوات والأرض، وخير من بقي إلى يوم القيامة ". لكن يحيى
والد السري لم أعرفه، فلعله آفته، وأما ابنه فتحة

বাংলা

১৭৪২। আবু বাকর ও উমার (রাঃ) প্রথম যুগের লোকদের মধ্যে সর্বোত্তম এবং সর্বশেষ যুগের লোকদের মধ্যে

সর্বোত্তম। আসমানবাসীর মধ্যে সর্বোত্তম, যমীনবাসীর মধ্যে সর্বোত্তম। তবে নবী এবং রসূলগণ ব্যতীত।

হাদীসটি বানোয়াট।

হাদীসটিকে ইবনু আদী “আলকামেল” গ্রন্থে (কাফ ১/৬২) ও খাতীব বাগদাদী “তারীখু বাগদাদ” গ্রন্থে (৫/২৫৩) জাবরুন ইবনু অকেদ সূত্রে মাখলাদ ইবনু হুসাইন হতে, তিনি হিশাম হতে, তিনি মুহাম্মাদ হতে, তিনি আবু হুরাইরাহ (রাঃ) হতে বর্ণনা করেছেন। তিনি বলেনঃ রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ...।

ইবনু আদী হাদিসটিকে জাবরুনের জীবনীতে উল্লেখ করেছেন তার অন্য একটি হাদীসের সাথে। অতঃপর বলেছেনঃ আমি তার এ দুটি হাদীস ছাড়া অন্য কোন হাদীস চিনি না আর এ দুটাই মুনকার।

হাফিয় যাহাবী “আলমীযান” গ্রন্থে বলেনঃ তিনি মিথ্যা বর্ণনা করার দোষে দোষী। কারণ তিনি লজ্জা কম ... মর্মে বর্ণিত হাদীস বর্ণনা করেন। তিনি তার এ হাদীসটি এবং আলোচ্য হাদীসটি উল্লেখ করে বলেনঃ এ দুটিই বানোয়াট।

হাফিয় ইবনু হাজার “আললিসান” গ্রন্থে তা স্বীকার করেছেন।

অন্য হাদীসটি “মিশকাত” গ্রন্থে (১৯৫) উল্লেখিত হয়েছে। সেখানে আমি সেটি সম্পর্কে আলোচনা করেছি।

আমি (আলবানী) বলছিঃ আমি তার আরেকটি সূত্র পেয়েছি। যেটিকে দাইলামী তার “মুসনাদ” গ্রন্থে (১/১/৭৮) সারিউ ইবনু ইয়াহইয়া সূত্রে তার পিতা হতে, তিনি মাখলাদ ইবনুল হুসাইন হতে, সংক্ষেপে নিম্নোক্ত ভাষায় বর্ণনা করেছেনঃ

“আবু বাকর ও উমার আসমান ও যমীনবাসীর মধ্যে সর্বোত্তম এবং কিয়ামত দিবস পর্যন্ত যারা অবশিষ্ট থাকবে তাদের মধ্যেও সর্বোত্তম।”

কিন্তু সারিউর পিতা ইয়াহইয়াকে আমি চিনি না। সম্ভবত তিনিই এ সনদের সমস্যা। আর তার ছেলে নির্ভরযোগ্য।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72625>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন